

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩৪

আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যে বর্তমানে ১২৫টি বিদ্যাজ্যোতি স্কুল রয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে বর্তমানে ১২৫টি বিদ্যাজ্যোতি স্কুল রয়েছে। এর মধ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় ৩০টি, উনকোটি জেলায় ১১টি, গোমতী জেলায় ১৬টি, দক্ষিণ ত্রিপুরা জেলায় ১২টি, উত্তর ত্রিপুরা জেলায় ১৫টি, সিপাহীজলা জেলায় ১৬টি, খোয়াই জেলায় ১২টি এবং ধলাই জেলায় ১৩টি বিদ্যালয় রয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক কিশোর বর্মণ এবং বিধায়ক জীতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের লিখিত উত্তরে বিদ্যালয় শিক্ষা তথা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, বিদ্যাজ্যোতি স্কুলে বিষয় শিক্ষক এবং অন্যান্য কর্মী নিয়োগের জন্য বিদ্যালয় শিক্ষা দপ্তরের আলাদা কোন গাইডলাইন নেই। কিন্তু শিক্ষা দপ্তর সিবিএসসি অনুমোদিত এই সমস্ত বিদ্যালয়ে অন্যান্য বিষয়ের পাশাপাশি স্পেশাল এডুকেটর, কম্পিউটার সায়েন্স শিক্ষক পদে নিয়োগ শুরু করেছে এবং লাইব্রেরিয়ান ও ডিজিটাল এডুকেশন শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শীঘ্রই শুরু করবে। এছাড়াও বিদ্যাজ্যোতি স্কুল কর্তৃপক্ষ দ্বারা বেশ কয়েকজন চুক্তিবদ্ধ কর্মী নিয়োগ করা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, বিদ্যালয়ের পরিকাঠামো তৈরী একটি চলমান প্রক্রিয়া। প্রয়োজন অনুসারে পরিকাঠামো নির্মাণের কাজ বিদ্যালয় শিক্ষা দপ্তর করে থাকেন। তবে বিভিন্ন বিদ্যাজ্যোতি স্কুলে অন্যান্য পরিকাঠামোর সাথে সাথে ইন্টারনেট পরিষেবা, লাইব্রেরী, অডিও ভিজ্যুয়াল ক্লাসরুম, ক্লোসড সার্কিট টেলিভিশন (সিসিটিভি) ক্যামেরা, বিশুদ্ধ পানীয়জলের ব্যবস্থা ইত্যাদি পরিকাঠামো যুক্ত করা হচ্ছে। বিধায়ক ইসলামউদ্দিনের অন্য একটি প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জানান, রাজ্যের সমস্ত ব্লকে ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে।
